

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক রাজ্যের প্রতিটি কাউন্টির জন্য COVID-19 দ্রুত টেস্টিং উপলব্ধ করা হবে

*নিউ ইয়র্ক স্টেট স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদের প্রাথমিকভাবে 400,000টি দ্রুত টেস্টিং কিট প্রদান করবে*

*ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভের "ইয়েলো জোন" স্কুলে প্রয়োজনীয় পরীক্ষা পরিচালনা করতে স্কুল এবং এলাকাগুলিকে সাহায্য করার জন্য রাজ্য দ্রুত পরীক্ষা প্রদান করবে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক রাজ্যের প্রতিটি কাউন্টিতে COVID-19 এর দ্রুত ফলাফলের পরীক্ষা করা হবে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (New York State Department of Health) একটি প্রাথমিক 400,000 দ্রুত ফলাফলের পরীক্ষার কিট স্থানীয় স্বাস্থ্য বিভাগ, হাসপাতাল, ফার্মেসি এবং অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদের বিনামূল্যে প্রদান করবে যাতে নিউ ইয়র্ক রাজ্যের সব কোণে COVID-19 পরীক্ষা বিনামূল্যে প্রদান করা যায় যা 15 মিনিটের মধ্যে করা যাবে এবং কোন নমুনা ল্যাভে না পাঠিয়েই করা যাবে। স্বাস্থ্য দপ্তর (Department Of Health, DOH) কাউন্টি এবং স্থানীয় স্বাস্থ্য সেবা প্রদানকারীদের কাছে পরীক্ষামূলক কিট বিতরণের অগ্রাধিকার স্থির করবে সেই সকল এলাকায় যেখানে আক্রান্ত হওয়ার ঘটনার সাম্প্রতিক বৃদ্ধি দেখা গেছে। দ্রুত পরীক্ষা নতুন মহামারী নিয়ন্ত্রণ করতে, নজরদারি পরীক্ষা পরিচালনা করতে ব্যবহার করা যেতে পারে, এবং গভর্নরের [ক্লাস্টার অ্যাকশন উদ্যোগের \(Cluster Action Initiative\)](#) অংশ হিসেবে COVID-19 ছড়িয়ে পড়া পর্যবেক্ষণের জন্য নতুন প্রয়োজনীয়তার অংশ হিসেবে 'ইয়েলো জোন' ছাত্র এবং কর্মচারীদের পরীক্ষা করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় ভিত্তিতে উপলব্ধ করা হবে।

"প্রথম দিন থেকে, পরীক্ষা হচ্ছে সব চেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার যা আমাদের হাতে আছে নিউ ইয়র্কে COVID-19 এর বিস্তার সঠিকভাবে মূল্যায়ন করার জন্য। আজ নিউ ইয়র্ক স্টেট আমাদের জাতির নেতৃস্থানীয় পরীক্ষা কর্মসূচীর উপর ভিত্তি করে গড়ে তুলছে রাজ্যের প্রতিটি কোণায় দ্রুত পরীক্ষা প্রসারিত করার জন্য, স্বাস্থ্য সেবা প্রদানকারী এবং এলাকাবাসীদের সেই সকল সরঞ্জাম প্রদান করতে যা প্রয়োজন তাদের বাসিন্দা এবং রোগীদের বিনামূল্যে দ্রুত পরীক্ষা করার জন্য," **গভর্নর কুওমো বলেন।** "এই দ্রুত পরীক্ষার কিট গুলো সারা রাজ্য জুড়ে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোকে COVID-19 এর বিস্তার, মহামারী নিয়ন্ত্রণ এবং পরিবার এবং সম্প্রদায়কে নিরাপদ রাখার সুযোগ করে দেবে। উপরন্তু, রাজ্য সতর্কতামূলক পদক্ষেপ নিচ্ছে যাতে আশেপাশের স্কুলগুলোর জন্য দ্রুত পরীক্ষা প্রদান করা হয়, যারা সাম্প্রতিক সময়ে আক্রান্ত হওয়ার ঘটনা বেড়ে ওঠা সম্প্রদায়গুলির কাছে অবস্থিত

এবং সশরীরে নির্দেশনা প্রদান করছে। আমরা সকল এলাকায় বিনামূল্যে দ্রুত পরীক্ষার কিট সরবরাহ করব, যাতে তারা এই নতুন প্রয়োজনীয়তা পূরণে সাহায্য পান, এবং পিতামাতা, শিক্ষক এবং ছাত্রদের তাদের শিক্ষাগত অভিজ্ঞতার নিরাপত্তার প্রতি আস্থা প্রদান করে।"

মঙ্গলবার, রাজ্যের ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভের অংশ হিসেবে গভর্নর ঘোষণা করেন যে "ইয়েলো জোনে" সশরীরে নির্দেশনার জন্য খোলা স্কুলগুলোকে সপ্তাহে অন্তত একবার তাদের ছাত্র, কর্মচারী এবং শিক্ষকদের একটি অংশকে পরীক্ষা করাতে হবে। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ আজ নির্দেশিকা জারি করেছে যে 20% ছাত্র, শিক্ষক এবং কর্মচারী যারা "ইয়েলো জোন" এর মধ্যে অবস্থিত স্কুলে সশরীরে আছেন, তাদের আগামী শুক্রবার, 16 অক্টোবর থেকে সপ্তাহে একবার পরীক্ষা করা হবে। সকল ফলাফল অবিলম্বে DOH কে জানাতে হবে এবং COVID রিপোর্ট কার্ড ড্যাশবোর্ডে উপলব্ধ করা হবে। প্রয়োজন অনুযায়ী, রাজ্য স্থানীয় সরকার, স্বাস্থ্য বিভাগ, বিদ্যালয় বা স্থানীয় সরকার দ্বারা মনোনীত কোন স্বাস্থ্য প্রদানকারীদের বিনামূল্যে দ্রুত টেস্ট কিট সরবরাহ করবে, এবং সেই সব এলাকাগুলি এবং বিদ্যালয়গুলোকে রাজ্য যেখানে ক্লাস্টার প্রাদুর্ভাব পর্যবেক্ষণ করছে তার ভৌগোলিক নৈকট্যের মধ্যে থাকা স্কুলে COVID-19 না ছড়িয়ে পরে তা নিশ্চিত করার প্রয়োজনীয়তা পূরণে সাহায্য করবে।

DOH আজ সকল স্থানীয় স্বাস্থ্য বিভাগ, এবং তার সাথে হাসপাতাল, ফার্মেসি এবং অন্যান্য সরবরাহকারী সংস্থাকে একটি চিঠি প্রদান করবে, কিভাবে এই দ্রুত পরীক্ষার কিট অ্যাক্সেস এবং গ্রহণ করা যায় তার বিস্তারিত বিবরণ সহ।

###

আরও সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)